| | |
|---|---|
| ৭. মুক্তিযুদ্ধের বিভিন্ন স্মৃতিস্তম্ভের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৮. মুক্তিযুদ্ধের গুরুত্ব অনুধাবন করে দেশপ্রেমে উদ্বুদ্ধ হবে। | ○ ছাত্র<br>○ পেশাজীবী<br>○ নারী<br>○ সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মী<br>○ রাজনৈতিক ব্যক্তিবর্গ<br>● মুক্তিযুদ্ধ বিশ্ব জনমত ও বিভিন্ন দেশের ভূমিকা<br>● স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়:<br>○ বিশ্ব মানচিত্রে বাংলাদেশের ভূখন্ড ও বাংলাদেশ নামের ইতিহাস<br>○ জাতীয় পতাকা ও জাতীয় সংগীতের ইতিহাস<br>● মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ: (নির্বাচিত)<br>১. জাতীয় স্মৃতিসৌধ<br>২. অপরাজেয় বাংলা<br>৩. মুজিবনগর স্মৃতিসৌধ<br>৪. বুদ্ধিজীবী স্মৃতিসৌধ<br>৫. শিখা চিরন্তন<br>রায়ের বাজার বধ্যভূমি |

**পরিশিষ্ট : ‘গ’**

# শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ............

এসএসসি/দাখিল পরীক্ষা ২০.......

**বিষয়ঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা      বিষয় কোড : ১৫৩**

| | অধ্যায় ১ | | | অধ্যায় ২ | | | অধ্যায় ৩ | | | অধ্যায় ৪ | | | অধ্যায় ৫ | | | অধ্যায় ৬ | | | অধ্যায় ৭ | | | অধ্যায় ৮ | | | অধ্যায় ৯ | | | অধ্যায় ১০ | | | অধ্যায় ১১ | | | অধ্যায় ১২ | | | অধ্যায় ১৩ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| LO নং | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

# বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়
## বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা বিষয় কোড : ১৫৩

১. সমতট জনপদটি কোন জেলায় অবস্থিত ছিলো?
ক. ভারতের ত্রিপুরা
খ. ভারতের মেদিনীপুর
গ. বগুড়া ও পাবনা
ঘ. রাজশাহী ও দিনাজপুর

২. অর্থশাস্ত্র গ্রন্থটি কে রচনা করেছিলেন?
ক. সন্ধ্যাকর নন্দী
খ. কলহন
গ. বানভট্ট
ঘ. কৌটিল্য

৩. ছয় দফা প্রস্তাবের লক্ষ্য ছিল-
i পূর্ব পাকিস্তানিদের সকল প্রকার বঞ্চনা দূর করা
ii পূর্ব পাকিস্তানিদের জন্য স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করা
iii নিজেদের রাজনৈতিক অধিকার আদায় করা
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৪. মধ্যযুগের আমদানি দ্রব্য কোনটি ছিলো?
ক. ঔষধ
খ. চিনি
গ. চাল
ঘ. তুলা

**নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
তমা একটা বই পড়ে জানতে পারলো এক সময় গীর্জার সকল বিষয় যাজকেরাই নিয়ন্ত্রণ করত। গীর্জার ভূ-সম্পত্তি থেকে বহু টাকা আয় হতো। এ টাকা যাজকরাই ভোগ করত। সে বইয়ে একটা বিয়ের অনুষ্ঠানের কথা জানতে পারলো যেখানে মেয়েরা খুব উন্নত মানের শাড়ি ও জামাকাপড়ের সাথে মূল্যবান পাথরের অলংকার পড়ছে। কেউ কেউ অনেক রকম বাদ্যযন্ত্রের বাজনার সাথে নাচ গানও করছিলো।

৫. তমার পঠিত বইয়ের যাজক সম্প্রদায় বাংলার হিন্দু সমাজের কোন শ্রেণির প্রতিনিধিত্ব করছে?
ক. ব্রাহ্মণ
খ. ক্ষত্রিয়
গ. বৈশ্য
ঘ. শূদ্র

৬. তমার বইয়ে বর্ণিত অনুষ্ঠানের সাথে প্রাচীন বাংলার যে অবস্থার মিল খুঁজে পাওয়া যায় তার বৈশিষ্ট্য হলো-
i সমাজে মধ্যবিত্ত শ্রেনির সৃষ্টি হয়েছিলো
ii স্ত্রীকে মৃত স্বামীর চিতায় মরতে হতো
iii নীচু শ্রেণিদের ছোটো কাজ করতে হতো
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৭. আর্যদের ভাষার নাম কী?
ক. বৈদিক
খ. সংস্কৃত
গ. প্রাকৃত
ঘ. অপভ্রংশ

৮. আইয়ুব খান কেন মৌলিক গণতন্ত্র চালু করেছিলেন ?
ক. পাকিস্তানের অখন্ডতা রক্ষা করতে
খ. পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্য কমাতে
গ. সামরিক শাসনকে দীর্ঘস্থায়ী করতে
ঘ. রাজনৈতিক দলের সাথে সমঝোতা করতে

**নিচের উদ্দীপকটি পড় এবং ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
নুপুর আশরাফ সাহেবের দত্তক নেয়া সন্তান। তাঁর মৃত্যর পর প্রচুর ধনসম্পদ থাকলেও নুপুর কোনো সম্পদের মালিক হতে পারলো না

৯. ধন সম্পত্তি হতে নুপুরের বঞ্চিত হওয়ার ঘটনায় ১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের কোন কারণটি ফুটে উঠেছে
ক. সামাজিক
খ. ধর্মীয়
গ. রাজনৈতিক
ঘ. সাংস্কৃতিক

১০. প্রাচীন গ্রিসের দার্শনিকগণ পৃথিবীতে খ্যাতি অর্জন করেছিলেন কীভাবে?
ক বিশেষ ধরণের দিনপঞ্জি তৈরি করে
.
খ. পৃথিবীর জন্মের কারণ অনুসন্ধান করে
গ. ঈশ্বর হিসেবে সম্রাটকে পূজা করার রীতি চালু করে
ঘ. দেব-দেবী মনে করে প্রকৃতির উপাসনা প্রচলন করে

**নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাওঃ**

‘ক’ ফেব্রিক্স এর মালিকের অসুস্থতার সুযোগে ম্যানেজার সবুজ সাহেব মালিক হওয়ার স্বপ্ন দেখে। সে টাকার লোভে এই প্রতিষ্ঠানের কাজের অর্ডারের তথ্য এবং অন্যান্য গোপনীয় বিষয় অন্য এক কোম্পানিকে দিয়ে দেয়। ফলে প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয়। এমতাবস্থায় প্রতিষ্ঠানের মালিক অর্থনৈতিক অবস্থা ফিরিয়ে আনার জন্য ছেলেকে শুধু প্রতিষ্ঠানের কর্মচারীদের সমন্বয় ও ভাল মন্দ দেখার দায়িত্ব দেন। অন্যদিকে পরিচালনা পর্ষদের হাতে দেয়া হয় কোম্পানির আয়-ব্যয় এবং কর্মচারী নিয়োগের দায়িত্ব।

১১. সবুজ সাহেবের মধ্যে ইতিহাসের কোন ব্যক্তির চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে উঠেছে?
- ক. মীর মদন
- খ. মীর জাফর
- গ. মোহনলাল
- ঘ. নাজিম-উদ-দৌলা

১২. ‘ক’ কোম্পানির নতুন ব্যবস্থাপনায় ইতিহাসের যে শাসন ব্যবস্থার চিত্র ফুটে উঠেছে তার ফলে তৈরি হয়েছিল-
- i শাসন ব্যবস্থায় অস্থিরতা
- ii এ দেশীয় শাসকদের অর্থনৈতিক সক্ষমতার ক্রমাবনতি
- iii কোম্পানির অর্থনৈতিক ক্ষতি

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

১৩. ১৯৭১ সালে ‘অপারেশন সার্চলাইট ’ কেন পরিচালিত হয়েছিল?
- ক. বাঙালিকে নিরস্ত্র করার জন্য
- খ. বাঙালিকে ভয় দেখিয়ে দমিয়ে রাখার জন্য
- গ. সাম্প্রদায়িক রাজনীতিকে উজ্জীবিত করতে
- ঘ. পাকিস্তানি সৈনদের সজ্ঞবদ্ধ করতে

১৪. মহাস্থানগড় প্রাচীন বাংলার যে জনপদের অন্তর্ভুক্ত ছিলো তা বর্তমানে বাংলাদেশের কোথায় অবস্থিত?
- ক. উত্তর ও উত্তর পশ্চিম অংশে
- খ. পূর্ব ও দক্ষিণ পূর্ব অংশে
- গ. উত্তর অঞ্চলে
- ঘ. দক্ষিণ অঞ্চলে

১৫. আগরতলা ষড়যন্ত্র মামলার ফলে-
- i আধা সামরিক বাহিনী গঠিত হয়
- ii বাঙালিরা সংঘবদ্ধ হয়ে আন্দোলন করেন
- iii বঙ্গবন্ধুর গ্রহণযোগ্যতা বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাওঃ**

কলেজের অধ্যাপক রশিদ সাহেব মুক্তিযুদ্ধ শুরু হওয়ার পর যুদ্ধের প্রশিক্ষণ নিয়ে ২নং সেক্টরে চলে যান। যুদ্ধ থেকে ফিরে এসে তিনি বাড়ির নতুন নাম দেন ‘এসো নীপবনে’। ছেলেকে বাড়ির প্রধান ফটকে নামটি লিখতে বলায় সে ইংরেজিতে নামটি লিখে। রশিদ সাহেব এতে খুব মন খারাপ করে বললেন, আমাদের বর্ণমালা বাঙালি জাতির অহংকার। তিনি ছেলেকে লেখাটি বদলাতে বললেন।

১৬. রশিদ সাহেব মুক্তিযুদ্ধের কোন বাহিনীর সদস্য ছিলেন?
- ক. নিয়মিত
- খ. অনিয়মিত
- গ. কাদেরীয়া
- ঘ. মিত্র

১৭. বাড়ির নামের ক্ষেত্রে রশিদ সাহেবের মতো এ ধরনের মনোভাব বাংলায় কী প্রভাব ফেলেছিল?
- ক. বাঙালিকে ক্ষমতা বিস্তারে আগ্রাসী মনোভাবাপন্ন করেছিলো
- খ. বাঙালিরা নিজেদের দাবির ব্যাপারে ঐক্যবদ্ধ হয়েছিলো
- গ. বাঙালির প্রতি পাকিস্তানি শাসকগোষ্ঠী নমনীয় হয়েছিলো
- ঘ. বাঙলার রাজনৈতিক দলগুলোর মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি হয়েছিলো

১৮. কোন শাসক বাংলার রাজা লক্ষণ সেনকে পরাজিত করেছিলেন?
- ক. শিহাবুদ্দিন মোহাম্মদ ঘোরি
- খ. কুতুবউদ্দিন আইবক
- গ. গিয়াসউদ্দিন ইওজ খলজি
- ঘ. বখতিয়ার খলজি

১৯. ইনকা সভ্যতার ‘মাচুপিচু’ নগরী পরিত্যক্ত হয়েছিলো কেন?
- ক. পারসিকদের আক্রমনে
- খ. নিজেদের মধ্যে দ্বন্দ্ব ও কলহে
- গ. প্রবল বন্যার প্রভাবে
- ঘ. ছোয়াঁচে রোগের প্রাদুর্ভাবে

২০. ওয়ারী বটেশ্বরে প্রাপ্ত ভাস্কর্য কীসের পরিচয় বহন করে? ৫-২ জ্ঞান
- ক. প্রাচীন বাংলার শিল্পকলার
- খ. উন্নত শিক্ষা ব্যবস্থার
- গ. সুশৃঙ্খল সামাজিক অবস্থার
- ঘ. সুন্দর প্রশাসনিক ব্যবস্থার

২১. 'পাঁচশালা' বন্দোবস্ত কে প্রবর্তন করেন?
- ক. রবার্ট ক্লাইভ
- খ. ওয়ারেন হেস্টিংস
- গ. লর্ড কর্ণওয়ালিস
- ঘ. রিচার্ড বেচার

২২. কীভাবে নীল চাষের অবসান হয়?
- ক. নীল চাষীদের অসহযোগিতার জন্য
- খ. কৃষকদের পন্য উৎপাদনে স্বাধীনতা দিলে
- গ. তৎকালীন ইংরেজ প্রশাসনে পরিবর্তন হলে
- ঘ. নীল চাষের খরচ বৃদ্ধি পাওয়ায়

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**

শরীফ এসএসসি পরীক্ষায় জিপিএ ফাইভ পায়। সাংবাদিক জিজ্ঞেস করলে সে জানায়, দিনের বেলায় চায়ের দোকানে কাজ করত এবং রাতে ভাঙ্গা ঘরে বিদ্যুৎ না থাকায় পাশের বাড়ির লাইটের আলোতে পড়াশুনা করত।

২৩. শরীফের মধ্যে কোন মনীষীর বৈশিষ্ট্য খুঁজে পাওয়া যায়?
- ক. রাজা রামমোহন রায়
- খ. হাজী মুহাম্মদ মহসিন
- গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
- ঘ. সৈয়দ আমীর আলী

২৪. স্বত্ববিলোপ নীতি করার পিছনে উদ্দেশ্য কী ছিল?
- ক. সিপাহীদের নিয়মের মধ্যে আনা
- খ. সাম্প্রদায়িক ঐক্য রক্ষা করা
- গ. কোম্পানি শাসন দীর্ঘস্থায়ী করা
- ঘ. সাম্রাজ্যের আয়তন দীর্ঘ করা

২৫. গিয়াসউদ্দিন ইওজ খলজি কেন শক্তিশালী নৌবাহিনী গড়ে তোলেন?
- ক. বন্যার কবল হতে রাজ্যকে রক্ষা করতে
- খ. পার্শ্ববর্তী রাজ্যের সাথে বাণিজ্য করতে
- গ. রাজ্যকে শক্ত ভিত্তির উপর দাঁড় করাতে
- ঘ. রাজ্যের আয়তন বৃদ্ধি করতে

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**

জারিফের দাদা ইংরেজ শাসনামলে বছর শেষে নির্দিষ্ট তারিখের মধ্যে খাজনা হিসেবে ২ লক্ষ টাকা দিতে ব্যর্থ হওয়ায় তার জমিদারি চলে যায়।

২৬. জারিফের দাদার ক্ষেত্রে কোন আইনের প্রয়োগ ঘটেছিল?
- ক. প্রজাসত্ব আইন
- খ. ইজারা প্রথা
- গ. ইন্ডিগো কন্ট্রাক্ট
- ঘ. সূর্যাস্ত আইন

২৭. 'ইতিহ' শব্দের অর্থ কী?
- ক. ইতিহাস
- খ. ঐতিহাসিক
- গ. ঐতিহ্য
- ঘ. অতীত

২৮. হাবসি শাসন দীর্ঘস্থায়ী হয়নি কেন?
- ক. নিজেদের মধ্যে সংঘাতের জন্য
- খ. আফগানদের দ্বারা আক্রান্ত হওয়ায়
- গ. মোঘলদের ষড়যন্ত্রের কারণে
- ঘ. খলজি মালিকদের বিদ্রোহের কারণে

২৯. কৈবর্ত বিদ্রোহ কেন সংঘটিত হয়েছিলো ?
- ক. শশাঙ্ক পরবর্তী সময়ে রাজনৈতিক অস্থিরতার কারণে
- খ. দ্বিতীয় মহীপালের প্রশাসনিক অদক্ষতার জন্য
- গ. দেবপালের উত্তরাধিকারীদের অর্ন্তদ্বন্দ্বের ফলে
- ঘ. ধর্মপালের সময় তিনটি রাজবংশের মধ্যে প্রতিযোগিতার জন্য

৩০. সর্বপ্রথম কত সালে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে মর্যাদা দেওয়া হয়?
- ক. ১৯৫৬
- খ. ১৯৬২
- গ. ১৯৬৬
- ঘ. ১৯৬৯

**পরিশিষ্ট: 'ঙ'**

## বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ

## বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা বিষয় কোড : ১৫৩

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

১. দেবপাল কাকে নালন্দা বিশ্ববিদ্যালয়ের আচার্য নিযুক্ত করেছিলেন ?

ক. প্রভাকরবর্ধন
খ. দিব্যোক
গ. গর্গ
ঘ. ইন্দ্রগুপ্ত

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন**

২. ধর্মপাল উত্তর ভারতে সাম্রাজ্য সম্প্রসারণ করতে পেরেছিলেন কারণ তিনি ছিলেন-

i শিক্ষার প্রতি অনুরাগী
ii অসাম্প্রদায়িক মনোভাবাপন্ন
iii যোগ্যতার মূল্যায়নকারী

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন**

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাওঃ**

মাসুদ সাহেব বর্ষার দিনে বাগমারা গিয়ে দেখেন সেখানে রাস্তায় ও বাড়ি ঘরের কোথাও পানি জমে নেই। রাস্তা ও বাড়ি থেকে পানি নেমে যাওয়ার ব্যবস্থা আছে। বাড়িগুলো বেশ খোলামেলা। মাসুদ সাহেব জানতে পারেন যে, ঐ এলাকার মেয়র রাস্তাঘাট নির্মাণ, খাল খনন ইত্যাদি কাজে জনগণের মতামতের গুরুত্ব দেন। এমনকি এলাকায় কোন বিরোধ ও সংঘাত দেখা দিলে তার মিমাংসার ক্ষেত্রেও জনগণের মতামত নেন।

৩. বাগমারা এলাকায় কোন সভ্যতার বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়?

ক. মিশরীয়
খ. সিন্ধু
গ. রোমান
ঘ. পারস্য

৪. মেয়রের মতো কর্মকান্ডের মাধ্যমে যে শাসন ব্যবস্থার প্রতিফলন ঘটেছে তার ফলে এথেন্সে -

i. অভিজাতদের ক্ষমতা বৃদ্ধি পায়
ii. সাধারণ মানুষের ক্ষমতা বৃদ্ধি পায়
iii. জনগণের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠিত হয়

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

**পরিশিষ্ট-'চ'**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/**১১৪৮**

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪১৬ / ২২ নভেম্বর ২০০৯

**পরিপত্র**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে ঃ

(ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।

(খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না

(ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রনয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

২২/১১/০৯

**(খন্দকার রাকিবুর রহমান)**
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

# ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

## বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা বিষয় কোড : ১৫৩

১. ১৯৫৪ সালের নির্বাচনে রাজনৈতিক দলগুলো মুসলিম লীগে পরাজয়ের কৌশল হিসাবে যুক্তফ্রন্ট গঠন করে। যুক্তফ্রন্ট কয়টি দল নিয়ে গঠিত হয়?
ক. ৫
খ. ৬
গ. ১১
ঘ. ২১

২. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন ক্ষেত্রে অবদান রেখেছিলেন?
ক. সামাজিক কুসংস্কার দূরীকরণ
খ. সতীদাহ প্রথার উচ্ছেদ
গ. বিধবা বিবাহ প্রচলন
ঘ. ধর্মীয় শিক্ষার উন্নতি সাধন

৩. বঙ্গভঙ্গের কারণ কোনটি ছিল?
ক. প্রশাসনিক
খ. সামাজিক
গ. অর্থনৈতিক
ঘ. রাজনৈতিক

৪. ধর্মপাল কোনটি তৈরি করেন?
ক. সোমপুর বিহার
খ. বিক্রমশীল বিহার
গ. ওদন্তপুর বিহার
ঘ. উপরের সবগুলো সঠিক

৫. যিনি স্থায়ী ভূমি ব্যবস্থা প্রবর্তন করেন, তিনি হলেন-
ক. রবার্ট ক্লাইভ
খ. ওয়ারেন হেস্টিংস
গ. লর্ড কর্ণওয়ালিস
ঘ. লর্ড কার্জন

৬. কোনটি ইতিহাসে লিখিত উপাদান নয়?
ক. অর্থশাস্ত্র
খ. সাহিত্য
গ. দলিল পত্র
ঘ. তাম্রলিপি

৭. মধ্যযুগে বাংলার সমাজ ও সংস্কৃতিতে ---
i. চার বর্ণের মানুষ অবাধ মেলামেশা করতো
ii. মোহিনীবিদ্যায় বিশ্বাস করতো
iii. শুদ্ররা ব্রাহ্মণদের সাথে বসে খেতে পারতো না

নিচের কোনটি সঠিক?
ক. i
খ. i ও ii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৪. শশাঙ্কের রাজধানীর নাম কী?

৮. ডিরোজিও যুব সমাজ নিয়ে কোন আন্দোলন গড়ে তোলেন?
ক. নবজাগরণ
খ. ইয়াংবেঙ্গল
গ. অসহযোগ
ঘ. স্বরাজ

৯. "রাষ্ট্র ভাষা বাংলা" এ দাবি প্রথম উত্থাপিত হয়-
ক ১৯৪৭ সালে
.
খ. ১৯৪৮ সালে
গ. ১৯৫০ সালে
ঘ. ১৯৫২ সালে

১০. রাওলাট আইন কেন পাশ করা হয়?
ক. ভারতবাসীর আশা আকাঙ্খা পূরণ করতে
খ. ব্রিটিশ বিরোধী আন্দোলন স্তিমিত করতে
গ. পুলিশের ক্ষমতা কমিয়ে আনার জন্য
ঘ. রাজনীতিক নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য

মিরাজ তার বন্ধুদের নিয়ে বিয়ের বাজার করতে স্থানীয় এক দোকানে গিয়ে দেখে সব ভারতীয় এবং পাকিস্তানি শাড়ি। তাদের প্রসাধনী সামগ্রীও তুরস্ক ও চীনের। মিরাজ দোকানীকে জামদানি, তাঁতের শাড়ি ও দেশি প্রসাধনী দিতে বলে এবং দোকানীর সাথে তুমুল তর্ক বিতর্কে জড়িয়ে পড়ে। এক পর্যায়ে তারা দোকানে ভাঙ্গচুর শুরু করে।

১১. উদ্দীপকে মিরাজ ও তার বন্ধুদের মধ্যে কোন আন্দোলনের প্রভাব দেখা যায়?
ক. অসহযোগ
খ. স্বদেশি
গ. খিলাফত
ঘ. ফরায়েজি

১২. মধ্যযুগে উচ্চবিত্ত হিন্দু নারীদের কোন ক্ষেত্রে অধিকার ছিল না?
ক. সম্পত্তির
খ. সংস্কৃতি চর্চার
গ. শিক্ষা গ্রহণের
ঘ. শিল্পচর্চার

১৩. সেন্ট্রাল মোহামেডান এসোসিয়েশন গঠিত হয়-
ক. মুসলমানদের স্বার্থরক্ষা
খ. দরিদ্র নারীদের চিকিৎসা
গ. মুসলমান মেয়েদের বন্দিদশা থেকে মুক্তি
ঘ. আধুনিক শিক্ষার মান উন্নয়ন ঘটাতে

|  |  |
|---|---|
| ক. কঙ্গোদ<br>খ. দন্ডভুক্তি<br>গ. কর্ণসুবর্ণ<br>ঘ. ঢাকা<br><br>১৫. প্রাচীন বাংলায় কোন খেলাটির প্রচলন ছিল?<br>ক. ফুটবল<br>খ. কাঁনামাছি<br>গ. গোল্লাছুট<br>ঘ. উপরের কোনটিই নয় | ১৬. মিশরীয়দের অবদান কোনটি?<br>ক. অংক শাস্ত্রের দুটি শাখা জ্যামিতি ও পাটিগণিতের প্রচলন<br>খ. চন্দ্র ও সূর্য গ্রহণের কারণ নির্ণয়<br>গ. পৃথিবীর মানচিত্র প্রথম অংকন<br>ঘ. চাঁদের নিজস্ব আলো নেই/বজ্র ও বিদ্যুৎ প্রাকৃতিক কারণ<br><br>১৭. কত সালে বাংলার স্বাধীন সুলতানী যুগের অবসান হয়?<br>ক. ১৫৮৫<br>খ. ১৫৬৫<br>গ. ১৫৩৮<br>ঘ. ১৫৭২ |

**পরিশিষ্ট :'জ'**

# ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

## বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা বিষয় কোড : ১৫৩

| ত্রুটিযুক্ত রূপ | ত্রুটিমুক্ত রূপ |
|---|---|
| **উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।** | |
| ১. বঙ্গভঙ্গের কারণ কোনটি ছিল?<br>ক. প্রশাসনিক<br>খ. সামাজিক<br>গ. অর্থনৈতিক<br>ঘ. রাজনৈতিক | ১. বঙ্গভঙ্গের প্রধান কারণ কোনটি?<br>ক. প্রশাসনিক<br>খ. সামাজিক<br>গ. অর্থনৈতিক<br>ঘ. রাজনৈতিক |

| | |
|---|---|
| **উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।** | |
| ২. যিনি স্থায়ী ভূমি ব্যবস্থা প্রবর্তন করেন, তিনি হলেন-<br>ক. রবার্ট ক্লাইভ<br>খ. ওয়ারেন হেস্টিংস<br>গ. লর্ড কর্ণওয়ালিস<br>ঘ. লর্ড কার্জন | ২. চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন কে?<br>ক. রবার্ট ক্লাইভ<br>খ. ওয়ারেন হেস্টিংস<br>গ. লর্ড কর্ণওয়ালিস<br>ঘ. লর্ড কার্জন |

| | |
|---|---|
| **উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।** | |
| ৩. ১৯৫৪ সালের নির্বাচনে রাজনৈতিক দলগুলো মুসলিম লীগে পরাজয়ের কৌশল হিসাবে যুক্তফ্রন্ট গঠন করে। যুক্তফ্রন্ট কয়টি দল নিয়ে গঠিত হয়?<br>ক. ৫<br>খ. ৬<br>গ. ১১<br>ঘ. ২১ | ৩. যুক্তফ্রন্ট কয়টি দল নিয়ে গঠিত হয়?<br>ক. ৫<br>খ. ৬<br>গ. ১১<br>ঘ. ২১ |

| | |
|---|---|
| **উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভূক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।** | |
| ৪. "রাষ্ট্র ভাষা বাংলা" এ দাবি প্রথম উত্থাপিত হয়-<br>ক. ১৯৪৭ সালে<br>খ. ১৯৪৮ সালে<br>গ. ১৯৫০ সালে<br>ঘ. ১৯৫২ সালে | ৪. "রাষ্ট্র ভাষা বাংলা" এ দাবি প্রথম উত্থাপিত হয় কত সালে?<br>ক. ১৯৪৭<br>খ. ১৯৪৮<br>গ. ১৯৫০<br>ঘ. ১৯৫২ |

| | |
|---|---|
| **উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে।** | |
| ৫. কোনটি ইতিহাসে লিখিত উপাদান নয়?<br>ক. অর্থশাস্ত্র<br>খ. সাহিত্য<br>গ. দলিল পত্র<br>ঘ. তাম্রলিপি | ৫. কোনটি ইতিহাসে অলিখিত উপাদান?<br>ক. অর্থশাস্ত্র<br>খ. সাহিত্য<br>গ. দলিল পত্র<br>ঘ. তাম্রলিপি |

**না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।**

| | |
|---|---|
| ৬. মধ্যযুগে উচ্চবিত্ত হিন্দু নারীদের কোন ক্ষেত্রে অধিকার ছিল না?<br>ক. সম্পত্তির<br>খ. সংস্কৃতি চর্চার<br>গ. শিক্ষা গ্রহণের<br>ঘ. শিল্পচর্চার | ৬. মধ্যযুগে উচ্চবিত্ত হিন্দু নারীদের কোন ক্ষেত্রে অধিকার **ছিল না?**<br>ক. সম্পত্তির<br>খ. সংস্কৃতি চর্চার<br>গ. শিক্ষা গ্রহণের<br>ঘ. শিল্পচর্চার |

**উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।**

| | |
|---|---|
| ৭. ডিরোজিও যুব সমাজ নিয়ে কোন আন্দোলন গড়ে তোলেন?<br>ক. নবজাগরণ<br>খ. ইয়াংবেঙ্গল<br>গ. অসহযোগ<br>ঘ. স্বরাজ | ৭. ডিরোজিও কোন আন্দোলন গড়ে তোলেন?<br>ক. নবজাগরণ<br>খ. ইয়াংবেঙ্গল<br>গ. অসহযোগ<br>ঘ. স্বরাজ |

**নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।**

| | |
|---|---|
| মিরাজ তার বন্ধুদের নিয়ে বিয়ের বাজার করতে স্থানীয় এক দোকানে গিয়ে দেখে সব ভারতীয় এবং পাকিস্তানি শাড়ি। তাদের প্রসাধনী সামগ্রীও তুরস্ক ও চীনের। মিরাজ দোকানীকে জামদানি, তাঁতের শাড়ি ও দেশি প্রসাধনী দিতে বলে এবং দোকানীর সাথে তুমুল তর্ক বিতর্কে জড়িয়ে পড়ে। এক পর্যায়ে তারা দোকানে ভাঙ্গচুর শুরু করে।<br>৮. উদ্দীপকে মিরাজ ও তার বন্ধুদের মধ্যে কোন আন্দোলনের প্রভাব দেখা যায়?<br>ক. অসহযোগ<br>খ. স্বদেশি<br>গ. খিলাফত<br>ঘ. ফরায়েজি | মিরাজ তার বন্ধুদের নিয়ে বিয়ের বাজার করতে স্থানীয় এক দোকানে গিয়ে দেখে সব ভারতীয় এবং পাকিস্তানি শাড়ি। তাদের প্রসাধনী সামগ্রীও তুরস্ক ও চীনের। মিরাজ ও তার বন্ধুরা দোকানীকে দেশি পণ্য রাখার জন্য অনুরোধ করে। পরে সে ও তার বন্ধুরা অন্য দোকান থেকে দেশি তাঁত ও জামদানি শাড়ি এবং দেশি প্রসাধনী কিনল।<br>৮. উদ্দীপকে মিরাজ ও তার বন্ধুদের মধ্যে কোন আন্দোলনের প্রভাব দেখা যায়?<br>ক. অসহযোগ<br>খ. স্বদেশি<br>গ. খিলাফত<br>ঘ. ফরায়েজি |

**বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।**

| | |
|---|---|
| ৮. রাওলাট আইন কেন পাশ করা হয়?<br>ক. ভারতবাসীর আশা আকাঙ্খা পূরণ করতে<br>খ. ব্রিটিশ বিরোধী আন্দোলন স্তিমিত করতে<br>গ. পুলিশের ক্ষমতা কমিয়ে আনার জন্য<br>ঘ. রাজনীতিক নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য | ৮. রাওলাট আইন কেন পাশ করা হয়?<br>ক. ভারতবাসীর আশা আকাঙ্খা পূরণ করতে<br>খ. ব্রিটিশ বিরোধী আন্দোলন স্তিমিত করতে<br>গ. পুলিশের ক্ষমতা কমিয়ে আনার জন্য<br>ঘ. রাজনৈতিক নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য |

**বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।**

| | |
|---|---|
| ৯. সেন্ট্রাল মোহামেডান এসোসিয়েশন গঠিত হয়-<br>ক. মুসলমানদের স্বার্থরক্ষা<br>খ. দরিদ্র নারীদের চিকিৎসা<br>গ. মুসলমান মেয়েদের বন্দিদশা থেকে মুক্তি<br>ঘ. আধুনিক শিক্ষার মান উন্নয়ন | ৯. সেন্ট্রাল মোহামেডান এসোসিয়েশন গঠিত হয়-<br>ক. মুসলমানদের স্বার্থরক্ষার জন্য<br>খ. দরিদ্র নারীদের চিকিৎসা সহায়তার লক্ষ্যে<br>গ. মুসলমান মেয়েদের বন্দিদশা থেকে মুক্তি দেওয়ার জন্য<br>ঘ. আধুনিক শিক্ষার মান উন্নয়ন ঘটাতে |

**পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।**

| | |
|---|---|
| ১০. শশাঙ্কের রাজধানীর নাম কী?<br>ক. কঙ্গোদ<br>খ. দন্ডভুক্তি<br>গ. কর্ণসুবর্ণ<br>ঘ. ঢাকা | ১০. শশাঙ্কের রাজধানীর নাম কী?<br>ক. কঙ্গোদ<br>খ. দন্ডভুক্তি<br>গ. কর্ণসুবর্ণ<br>ঘ. বারানসী |

<table>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।</td></tr>
<tr><td>১১. কত সালে বাংলার স্বাধীন সুলতানী যুগের অবসান হয়?<br>ক. ১৫৮৫<br>খ. ১৫৬৫<br>গ. ১৫৩৮<br>ঘ. ১৫৭২</td><td>১১. কত সালে বাংলার স্বাধীন সুলতানী যুগের অবসান হয়?<br>ক. ১৫৮৫<br>খ. ১৫৭২<br>গ. ১৫৬৫<br>ঘ. ১৫৩৮</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।</td></tr>
<tr><td>১২. মিশোরীয়দের অবদান কোনটি?<br>ক. অংক শাস্ত্রের দুটি শাখা জ্যামিতি ও পাটিগণিতের প্রচলন<br>খ. চন্দ্র ও সূর্য গ্রহণের কারণ নির্ণয়<br>গ. পৃথিবীর মানচিত্র অংকন<br>ঘ. চাঁদের নিজস্ব আলো নেই এটা আবিষ্কার</td><td>১২. মিশোরীয়দের অবদান কোনটি?<br>ক. জ্যামিতি ও পাটিগণিতের প্রচলন<br>খ. চন্দ্র ও সূর্য গ্রহণের কারণ নির্ণয়<br>গ. পৃথিবীর মানচিত্র প্রথম অংকন<br>ঘ. চাঁদের নিজস্ব আলো নেই এটা আবিষ্কার</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>১৩. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন ক্ষেত্রে অবদান রেখেছিলেন?<br>ক. সামাজিক কুসংস্কার দূরীকরণ<br>খ. সতীদাহ প্রথার উচ্ছেদ<br>গ. বিধবা বিবাহ প্রচলন<br>ঘ. ধর্মীয় শিক্ষার উন্নতি সাধন</td><td>১৩. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন ক্ষেত্রে অবদান রেখেছিলেন?<br>ক. কৌলিন্য প্রথা দূরীকরণ<br>খ. সতীদাহ প্রথার উচ্ছেদ<br>গ. বিধবা বিবাহ প্রচলন<br>ঘ. ধর্মীয় শিক্ষার উন্নতি সাধন</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>১৪. মধ্যযুগে বাংলার সমাজ ও সংস্কৃতিতে--<br>i. চার বর্ণের মানুষ অবাধ মেলামেশা করতো<br>ii. মোহিনীবিদ্যায় বিশ্বাস শুরু হয়েছিলো<br>iii. শুদ্ররা ব্রাহ্মণদের সাথে বসে খেতে পারতো না<br>নিচের কোনটি সঠিক?<br>ক. i<br>খ. i ও ii<br>গ. ii ও iii<br>ঘ. i, ii ও iii</td><td>১৪. মধ্যযুগে বাংলার সমাজ ও সংস্কৃতিতে--<br>i. ধনী পরিবারের মেয়েরা দামী গহনা পড়তো<br>ii. মোহিনীবিদ্যায় বিশ্বাস শুরু হয়েছিলো<br>iii. শুদ্ররা ব্রাহ্মণদের সাথে বসে খেতে পারতো না<br>নিচের কোনটি সঠিক?<br>ক. i<br>খ. i ও ii<br>গ. ii ও iii<br>ঘ. i, ii ও iii</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরে ‘উপরের সবগুলো সঠিক’-এমন বাক্য পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>১৫. ধর্মপাল কোনটি তৈরি করেন?<br>ক. সোমপুর বিহার<br>খ. বিক্রমশীল বিহার<br>গ. ওদন্তপুর বিহার<br>ঘ. উপরের সবগুলো সঠিক</td><td>১৫. ধর্মপাল কোনটি তৈরি করেন?<br>ক. সোমপুর বিহার<br>খ. বিক্রমশীল বিহার<br>গ. ওদন্তপুর বিহার<br>ঘ. পন্ডিত বিহার</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরে ‘উপরের কোনটিই সঠিক নয়’-এমন বাক্য পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>১৬. প্রাচীন বাংলায় কোন খেলাটির প্রচলন ছিল?<br>ক. ফুটবল<br>খ. কাঁনামাছি<br>গ. গোল্লাছুট<br>ঘ. উপরের কোনটিই নয়</td><td>১৬. প্রাচীন বাংলায় কোন খেলাটির প্রচলন ছিল?<br>ক. ফুটবল<br>খ. কাঁনামাছি<br>গ. গোল্লাছুট<br>ঘ. কুস্তি</td></tr>
</table>

পরিশিষ্ট: ‘ঝ’

## বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড-----------/বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড

এসএসসি/দাখিল পরীক্ষা ২০.......

বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা   বিষয় কোড: ১৫৩

| চিন্তন দক্ষতার স্তর | ১ম | ২য় | ৩য় | ৪থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ | ১৩শ | মোট প্রশ্ন সংখ্যা | % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উচ্চতর দক্ষতা | | | | | | | | | | | | | | | ১০% |
| প্রয়োগ দক্ষতা | | | | | | | | | | | | | | | ২০% |
| অনুধাবন দক্ষতা | | | | | | | | | | | | | | | ৩০% |
| জ্ঞান দক্ষতা | | | | | | | | | | | | | | | ৪০% |
| মোট | | | | | | | | | | | | | | | ১০০% |

পরিশিষ্ট: ‘ঞ’

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------/বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড

পরীক্ষার নাম------------- ২০--- খ্রিস্টাব্দ

বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয় কোড : ১৫৩

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |
| ৫ | |
| ৬ | |
| ৭ | |
| ৮ | |
| ৯ | |
| ১০ | |
| ১১ | |
| ১২ | |
| ১৩ | |
| ১৪ | |
| ১৫ | |

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১৬ | |
| ১৭ | |
| ১৮ | |
| ১৯ | |
| ২০ | |
| ২১ | |
| ২২ | |
| ২৩ | |
| ২৪ | |
| ২৫ | |
| ২৬ | |
| ২৭ | |
| ২৮ | |
| ২৯ | |
| ৩০ | |

**পরিশিষ্ট: ‘ট’**

# সৃজনশীল প্রশ্নের উদাহরণ

## বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা        বিষয় কোড : ১৫৩

১. নতুন কুঁড়ি স্কুলের শিক্ষার্থীরা তাসলিমা ম্যাডামের সাথে শিক্ষা সফরে লালবাগ কেল্লার যাদুঘরে যায়। সেখানে বিভিন্ন যুদ্ধাস্ত্র, তাঁদের ব্যবহৃত বাসনপত্র দেখে খুব মজা পায়। ম্যাডাম শিক্ষার্থীদের বলেন, এগুলো থেকে প্রাচীন আমলের সমাজ সম্পর্কে একটি ধারণা পাওয়া যায়। ফেরার সময় বইমেলায় গিয়ে স্কুলের পাঠাগারের জন্য ইতিহাস বিষয়ক কিছু বই কেনার আগ্রহ প্রকাশ করেন। কিছু শিক্ষক বিষয়ভিত্তিক বই কিনতে চাইলে তাসলিমা ম্যাডাম বলেন, এ ধরনের বই পড়লে শিক্ষার্থীদের মধ্যে নিজের দেশ সম্পর্কে সচেতনতাবোধ সৃষ্টি হবে। শিক্ষার্থীরা নিজেদের অতীত ঐতিহ্য সম্পর্কেও জানতে পারবে।

ক. ইতিহাসের সম্পর্কে ইতিহাসবিদ র‍্যাপসন কী বলেছেন ? ১

খ. ‘ইতিহাস গতিশীল এবং বহমান’- বলতে কী বুঝায় ? ২

গ. শিক্ষার্থীরা যাদুঘরে ইতিহাসের কোন উপাদান দেখেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. বই কেনার ক্ষেত্রে তাসলিমা ম্যাডামের মনোভাব ও বক্তব্য ইতিহাস পাঠের প্রয়োজনীয়তার আলোকে মূল্যায়ন করো। ৪

২.

| দৃশ্যপট-১ | দৃশ্যপট-২ | দৃশ্যপট-৩ |
|---|---|---|
|  |  |  |

ক. জনগণের আইন কাকে বলে ? ১

খ. মিশরীয়রা বিজ্ঞান চর্চায় আগ্রহী ছিলো কেন? ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যপট-১ এর চিত্রে গ্রীক সভ্যতার কোন নগর রাষ্ট্রের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ৩

ঘ. দৃশ্যপট ২নং ও ৩নং চিত্রে যে সভ্যতাসমূহের অবদান ফুটে উঠেছে তা বিশ্বসভ্যতাকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে-বক্তব্যটি মূল্যায়ন করো। ৪

৩. দৃশ্যপট-১:

দীপেন বড়ুয়া তার এলাকার কমিশনার নির্বাচিত হওয়ার পর এলাকায় কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেন। তার প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানে দেশ বিদেশের শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি হয়। সহযোগী হিসেবে তিনি একজন ভিন্নধর্মী লোককে নিয়োগ দেন এবং সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনা করেন। তাঁর এলাকায় সব ধর্মের লোকজনও সুন্দরভাবে ধর্মীয় অনুষ্ঠানাদি পালন করতেন।

দৃশ্যপট -২

রাসেল পুরোনো দিনের একটা সিনেমা দেখছিলো যেখানে সাহিত্যপ্রেমি শুভ রহমান রুহিতপুর অঞ্চলের রাজা ছিলেন। তিনি বয়ঃবৃদ্ধ হওয়ায় ও তার প্রশাসন পরিচালনায় অদুরদর্শীতার কারণে সহযোগীদের সাথে তাঁর দ্বন্দ্ব বাঁধে। তিনি ক্রমে ক্রমে তাঁর এলাকার বিভিন্ন অংশের নিয়ন্ত্রণ হারাতে থাকেন। তাঁর এ অবস্থার সুযোগে জনাব সোহেল রুহিতপুর এলাকার নিয়ন্ত্রণ নেয়ার চেষ্টা করেন এবং সফল হন। জনাব শুভ রহমান তাঁর এলাকা থেকে পালিয়ে শহীদনগর অঞ্চলে চলে যান।

ক. ‘মহাসামন্ত’ কাকে বলে ? ১

খ. ইউনেস্কো প্রাচীন বাংলার কোন স্থাপত্য নিদর্শনকে ওয়ার্ল্ড হেরিটেজ হিসেবে চিহ্নিত করেছেন? ব্যাখ্যা করো। ২

গ. দীপেন বড়ুয়ার কার্যক্রমের সাথে প্রাচীন বাংলার কোন শাসকের কার্যক্রমের মিল খুঁজে পাওয়া যায় ? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শুভ রহমানের কর্মকান্ডে প্রাচীন বাংলার যে শাসকের কাজের প্রতিফলন ঘটেছে বাংলার ইতিহাসে তার ফলাফল বিশ্লেষণ করো। ৪

৪. বিখ্যাত ব্যবসায়ী রকিব আহমেদের মেয়ের বিয়ে উপলক্ষ্যে বাড়িতে আত্মীয়-স্বজনে ভরে গেছে। তিনি ম্যানেজার বিপিন রায়কে পরিবারসহ তাঁর মেয়ের বিয়েতে দাওয়াত এবং গুরুত্বপূর্ণ কিছু কাজের দায়িত্ব দেন। বিপিন রায় বিয়ের সময় তাঁর বাড়িতে থেকে বিয়ের সব রকম কাজে তাঁকে সহযোগিতা করেন। রকিব আহমেদ নিজের খামারের উৎপাদিত পন্য দিয়ে অতিথিদের আপ্যায়নের ব্যবস্থা করেন। তিনি বিয়েতে মেয়ের জন্য বেনারসী শাড়ি ও সোনার গহনা কিনে দেন। রকিব আহমেদ বিয়ের কাজের ফাঁকে ব্যবসায়ের কাজও চালিয়ে যান। চট্টগ্রাম বন্দর থেকে বিদেশে পাঠানো গার্মেন্টস পণ্যের খোঁজ খবর নেন এবং ব্যাংকের মাধ্যমে পণ্যের দাম পরিশোধও করেন।

ক. বাংলার স্বাধীন সুলতানি যুগের সূচনা হয় কীভাবে? ১
খ. মধ্যযুগে ইসলামে সমন্বয়বাদী ধারা চালু হয়েছিল কেন? ২
গ. উদ্দীপকে বিপিন রায়ের প্রতি রকিব আহমেদের আচরণে আলাউদ্দিন হুসেন শাহের শাসনামালের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের রকিব আহমেদের কর্মকান্ড যেন মধ্যযুগেরই পূর্ণ প্রতিচ্ছবি'-বক্তব্যটি মূল্যায়ন করো। ৪

৫. রুস্তম আলী কৃষকদের নির্দিষ্ট হারে ধান দেওয়ার শর্তে জমি বন্দোবস্ত দেয়। উৎপাদন বেশী হলে ১০ মণ, কম হলে ৭ মণ হারে ধান ধার্য করেন। এতে রস্তম আলীর হিসাব রাখা সমস্যা সৃষ্টি হয়। পরবর্তীতে তিনি ১০ মণ হারে ধান ধার্য করে জমি বন্দোবস্ত দিলে কৃষকরা ক্ষতিগ্রস্থ হন। এতে অনেক কৃষকের অবস্থা শোচনীয় হয়ে পড়ে। তাদের অনেকেই গ্রাম ছেড়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়। কেউ কেউ দালালের সাহায্য নিয়ে মালয়েশিয়া রওনা দেয়। যাওয়ার পথে তাদেরকে নৌকার পাটাতনের নিচে ছোট্ট কুঠুরির মতো স্থানে রাখা হয়। এখানে গাদাগাদি করে তারা শুধু বসতে পারত। শোয়ার কোন জায়গা ছিল না। ফলে শ্বাসরুদ্ধকর এবং অস্বাস্থ্যকর পরিবেশে এদের অনেকে মৃত্যুবরণ করে। অবশেষে নিরাপত্তা কর্মীদের সহায়তায় অবশিষ্টদের উদ্ধার করা হয়।

ক. 'ডেনিশ ইষ্ট ইন্ডিয়া কোম্পানি' গঠনের উদ্দেশ্য কী ছিলো? ১
খ. নবাব মীর কাসিম আন্তঃবাণিজ্য শুল্ক উঠিয়ে দিয়েছিলেন কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মালয়েশিয়াগামীদের দুঃখজনক ঘটনার সাথে ইংরেজদের প্রচারিত কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'রুস্তম আলীর জমি বন্দোবস্ত যেন ইংরেজ আমলের ভূমি ব্যবস্থারই প্রতিচ্ছবি'-উক্তিটি পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. দৃশ্যপট-১
নাজিম সাহেব ১০ বছর পর মক্কা থেকে দেশে ফিরে দেখেন তার গ্রামের লোকজন পেটে ব্যথার জন্য ফকিরের পানি **পড়া** নিচ্ছে। বাজারে যাওয়ার সময় দেখলেন স্থানীয় মাজারে লোকজন সিজদা ও মানত করছে। এ অবস্থা দেখে নাজিম সাহেব আল্লাহর কাছে দোয়া করা এবং সঠিক চিকিৎসা নেওয়ার পরামর্শ দেন। পরবর্তীতে তিনি গ্রামের লোকদের সঠিক পথে আনার জন্য কাজ শুরু করেন।

দৃশ্যপট-২
সজীবের এলাকায় তামাক চাষ হয়। বিদেশী সিগারেট কোম্পানি অর্থ ঋণ দেয় এবং বীজ সরবরাহ করে। তামাক উৎপাদন করে তারা ঋণ ও বীজের দাম পরিশোধ করে। এতে জমির উর্বরতা হ্রাস ও পরিবেশ বিপর্যয় ঘটছে। এতে সজীবের স্কুলের শিক্ষক- শিক্ষার্থীসহ পরিবেশবাদীরা সোচ্চার হন, বিক্ষোভ করেন এবং চাষীদের তামাক চাষে বিরত থাকতে পরামর্শ দেন। এ চাষ লাভজনক না হওয়ায় চাষীরা ঐক্যবদ্ধ হয়ে তামাক চাষ না করার সিদ্ধান্ত নেন।

ক. ধর্মীয় সংস্কার আন্দোলনের উদ্দেশ্য কী ছিলো ? ১
খ. বেগম রোকেয়াকে নারী জাগরণের পথিকৃত বলা হয় কেন? ২
গ. দৃশ্যপট-১ নাজিম সাহেবের কর্মকান্ডে কোন আন্দোলনের প্রভাব লক্ষ্য করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যপট-২ সজীবের এলাকার ঘটনার সাথে ইতিহাসের যে ঘটনার সাদৃশ্য রয়েছে ইতিহাসে তার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৭. ‘ক’ গার্মেন্টসের শ্রমিকদের বেতন ভাতাদি নিয়ে মালিক পক্ষের সাথে শ্রমিকদের দ্বন্ধ বাধে। শ্রমিকরা উত্তেজিত হয়ে ভাঙচুর করতে গেলে শ্রমিক নেতা সতীশবাবু তাতে বাঁধা দেন। তিনি মালিক পক্ষের সাথে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের পথ বের করার চেষ্টা করেন।

আরেক নেতা জনাব রোহান তাঁর লোকজন নিয়ে বেতন ভাতাদি আদায়ে প্রতিবাদ মিছিল করেন। সাধারণ শ্রমিকদের একাংশ তার পক্ষ নিয়ে আন্দোলন চালিয়ে যান। রোজিনা বেগমের সমর্থনে মহিলা শ্রমিকরাও আন্দোলনে যোগ দেন। আন্দোলনের তীব্রতা বেড়ে গেলে মালিক পক্ষ শ্রমিকদের কঠোর হাতে দমন করেন।

| | | |
|---|---|---|
| ক. | ‘জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ড ’ কী? | ১ |
| খ. | আজাদ হিন্দ ফৌজ কেন গঠিত হয়েছিলো? ব্যাখ্যা করো। | ২ |
| গ. | উদ্দীপকে সতীশবাবুর কর্মকান্ডের সাথে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে কোন নেতার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। | ৩ |
| ঘ. | জনাব রোহান ও রোজিনা বেগমের মতো নেতৃবৃন্দের কর্মকান্ডের মতো আন্দোলন ভারতবর্ষকে ব্রিটিশ শাসন মুক্ত করতে গতি যুগিয়েছে- বিশ্লেষণ করো। | ৪ |

৮. দৃশ্যপট -১ একতা ফুটবল ক্লাবের সভাপতি পদে জনাব হারুন একজন শক্তিশালী প্রার্থী । জনাব হারুনকে মোকাবেলা করার জন্য জনাব সজীব কয়েকজন প্রার্থীকে তার নিজের পক্ষে নিয়ে একত্রিত হয়ে প্রচারনা চালান । নির্বাচনে জনাব হারুন পরাজিত হন।

দৃশ্যপট -২ আমেরিকা প্রবাসী জনাব সোলায়মান দীর্ঘ বছর পরে দেশে আসায় বাংলা ভাষায় সকলের সাথে সহজভাবে কথা বলতে পারছিলেন না । এটা দেখে তাঁর চাচা শহীদ সাহেব দুঃখ করে বলেন, আমাদের পূর্ব পুরুষদের রক্ত নতুন প্রজন্মের কাছে মূল্যহীন।

| | | |
|---|---|---|
| ক. | পাকিস্তান গণপরিষদের প্রথম অধিবেশনে সদস্য ধীরেন্দ্রনাথ দত্তের দাবী কী ছিলো? | ১ |
| খ. | মুসলিম লীগ কেন জনবিচ্ছিন্ন হতে শুরু করে ? ব্যাখ্যা করো। | ২ |
| গ. | দৃশ্যপট -১ এ জনাব সজীব বাংলার স্বাধীনতা পূর্ববর্তী কোন নির্বাচনী প্রক্রিয়া কাজে লাগিয়েছেন? ব্যাখ্যা করো। | ৩ |
| ঘ. | দৃশ্যপট -২ এ শহীদ সাহেবের বক্তব্যে যে আন্দোলনের কথা বলা হয়েছে পাঠ্যবইয়ের আলোকে তার তাৎপর্য বিশ্লেষণ করো। | ৪ |

পরিশিষ্ট : ‘ঠ’

# সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

## বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয় কোড : ১৫৩

৪. বিখ্যাত ব্যবসায়ী রকিব আহমেদের মেয়ের বিয়ে উপলক্ষ্যে বাড়িতে আত্মীয়-স্বজনে ভরে গেছে। তিনি ম্যানেজার বিপিন রায়কে পরিবারসহ তাঁর মেয়ের বিয়েতে দাওয়াত এবং গুরুত্বপূর্ণ কিছু কাজের দায়িত্ব দেন। বিপিন রায় বিয়ের সময় তাঁর বাড়িতে থেকে বিয়ের সব রকম কাজে তাঁকে সহযোগিতা করেন। রকিব আহমেদ নিজের খামারের উৎপাদিত পন্য দিয়ে অতিথিদের আপ্যায়নের ব্যবস্থা করেছেন। তিনি বিয়েতে মেয়ের জন্য বেনারসী শাড়ি ও সোনার গহনা কিনে দেন। রকিব আহমেদ বিয়ের কাজের ফাঁকে ব্যবসায়ের কাজও চালিয়ে যান। চট্টগ্রাম বন্দর থেকে বিদেশে পাঠানো গার্মেন্টস পণ্যের খোঁজ খবর নেন এবং ব্যাংকের মাধ্যমে পণ্যের দাম পরিশোধও করেন।

ক. বাংলার স্বাধীন সুলতানি যুগের সূচনা হয় কীভাবে? ১

খ. মধ্যযুগে ইসলামে সমন্বয়বাদী ধারা চালু হয়েছিল কেন? ২

গ. উদ্দীপকে বিপিন রায় ও রকিব আহমেদের পারস্পরিক আচরণে আলাউদ্দিন হুসেন শাহের শাসনামালের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের রকিব আহমেদের কর্মকান্ড যেন মধ্যযুগেরই পূর্ণ প্রতিচ্ছবি’-বক্তব্যটি মূল্যায়ন করো। ৪

অধ্যায়: ৬ষ্ঠ ও ৭ম

৪ ক. বাংলার স্বাধীন সুলতানি যুগের সূচনা হয় কীভাবে?

[শিখনফল: মধ্যযুগে সুলতানি আমলে বাংলার বংশানুক্রমিক শাসন এবং তাঁদের রাজনৈতিক কৃতিত্ব ব্যাখ্যা করতে পারবে ৬-২]

### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ৪.ক | ১ | ১ | ফখরুদ্দিন মোবারক শাহের স্বাধীনতা ঘোষণার মাধ্যমে বাংলার স্বাধীন সুলতানি যুগের সূচনা হয়েছিলো তা লিখলে |
| | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

৪ ক. নং প্রশ্নের নমুনা উত্তর:

১৩৩৮ খ্রিস্টাব্দে সোনারগাঁওয়ের শাসক বাহরাম খানের মৃত্যুর পর তার বর্মরক্ষক ফখরুদ্দিন মোবারক শাহ নাম নিয়ে স্বাধীনতা ঘোষণা করে সিংহাসনে বসলে বাংলায় স্বাধীন সুলতানি যুগের সূচনা হয়।

৪ খ. মধ্যযুগে ইসলামে সমন্বয়বাদী ধারা চালু হয়েছিল কেন?

[ শিখনফল : মধ্যযুগে বাংলার আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তনে সুলতান ও মুঘল শাসকগণের অবদান ব্যাখ্যা করতে পারবে। ৭-১]

### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ৪.খ | ২ | ২ | মধ্যযুগে ইসলামে সমন্বয়বাদী ধারা চালুর কারণ ব্যাখ্যা করে লিখলে |
| | | ১ | ধর্মান্তরিত হিন্দু ও বৌদ্ধগণ তাদের পূর্বের সংস্কার ও বিশ্বাস নিয়ে ইসলাম ধর্মে প্রবেশের মাধ্যমে মধ্যযুগে ইসলামে সমন্বয়বাদী ধারা চালু হয় তা লিখলে |
| | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

৪ খ. নং প্রশ্নের নমুনা উত্তর:

মধ্যযুগে এক বিশাল সংখ্যক হিন্দু ও বৌদ্ধ ইসলাম ধর্ম গ্রহণ করেন। ধর্মান্তরিত হিন্দু ও বৌদ্ধ লোকেরা তাদের পূর্বের সংস্কার ও বিশ্বাস ত্যাগ করতে না পারায় মধ্যযুগে ইসলামে সমন্বয়বাদী ধারা চালু হয়েছিল। পীরের দরগায় সন্ধ্যায় আলো জ্বালানো, মাজারে শিরনি প্রদানসহ অসংখ্য সাংস্কৃতিক ঐতিহ্য অতীতের মতো সমাজে বহাল থাকে।

৪ গ. উদ্দীপকে বিপিন রায় ও রকিব আহমেদের পারস্পরিক আচরণে আলাউদ্দিন হুসেন শাহের শাসনামালের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা করো।

[শিখনফল: মধ্যযুগে সুলতানি আমলে বাংলার বংশানুক্রমিক শাসন এবং তাঁদের রাজনৈতিক কৃতিত্ব ব্যাখ্যা করতে পারবে ৬-২]

## নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ৪.গ | ৩ | ৩ | উদ্দীপকে বিপিন রায় ও রকিব আহমেদের পারস্পরিক আচরণে আলাউদ্দিন হুসেন শাহের শাসনামালের অসাম্প্রদায়িক সামাজিক অবস্থার যে মিল রয়েছে তা চিহ্নিত করে আলাউদ্দিন হুসেন শাহের শাসন কার্যে দায়িত্ব প্রদানের ক্ষেত্রে অসাম্প্রদায়িক বিষয়গুলো ব্যাখ্যা করে লিখলে |
| | | ২ | আলাউদ্দিন হুসেন শাহের শাসনকার্যে অসাম্প্রদায়িক মনোভাব ধর্মীয় সহিষ্ণুতা ও যোগ্যতা অনুযায়ী শাসন কার্যে দায়িত্ব প্রদানের বিষয়গুলো ব্যাখ্যা করে লিখলে |
| | | ১ | উদ্দীপকে বিপিন রায় ও রকিব আহমেদের পারস্পরিক আচরণে আলাউদ্দিন হুসেন শাহের শাসনামালের অসাম্প্রদায়িক সামাজিক অবস্থার চিত্র ফুটে উঠেছে তা লিখলে |
| | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

৪ গ. নং প্রশ্নের নমুনা উত্তর:

উদ্দীপকে বিপিন রায় ও রকিব আহমেদের পারস্পরিক আচরণে আলাউদ্দিন হুসেন শাহের শাসনামালের অসাম্প্রদায়িক অবস্থার চিত্র ফুটে উঠেছে। সে সময় সামাজিক অবস্থা ছিল ধর্ম নিরপক্ষ/অসাম্প্রদায়িক। সমাজে হিন্দু মুসলমানদের সহাবস্থান ছিলো। আলাউদ্দিন হোসেন শাহ শাসনকার্য পরিচালনায় প্রজাদের ক্ষেত্রে জাতি ও ধর্মের কোন পার্থক্য করেননি। তিনি মুসলমান হওয়া সত্ত্বেও বিভিন্ন ধর্মের মানুষকে যোগ্যতা অনুযায়ী শাসনকার্যে নিয়োজিত করতেন। তার সময়ে বৈষ্ণব ধর্মের প্রবর্তক শ্রী চৈতন্যের আবির্ভাব ঘটে। উদ্দীপকে রকিব আহমেদ একজন ধর্ম নিরপেক্ষ/অসাম্প্রদায়িক মানুষ। তিনি যোগ্যতার ভিত্তিতে বিপিন রায়কে তার ম্যানেজার করেন এবং মেয়ের বিয়েতে তাঁকে পরিবারসহ দাওয়াত করেন। বিপিন রায়ও বিয়ের সময় তাঁর বাড়িতে থেকে বিয়ের সব রকম কাজে তাঁকে সহযোগিতা করেন। রকিব আহমেদের এরকম মনোভাব আলাউদ্দিন হোসেন শাহের অসাম্প্রদায়িক অবস্থার সাথে মিল রয়েছে। দু'জনের পারস্পরিক আচরণের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতির পরিচয় পাওয়া যায়।

৪ ঘ. উদ্দীপকের রকিব আহমেদের কর্মকান্ড যেন মধ্যযুগেরই পূর্ণ প্রতিচ্ছবি'-বক্তব্যটি মূল্যায়ন করো।
[ শিখনফল : মধ্যযুগে বাংলার আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তনে সুলতান ও মুঘল শাসকগণের অবদান ব্যাখ্যা করতে পারবে । ৭-১]

## নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ৪.ঘ | ৪ | ৪ | উদ্দীপকের রকিব আহমেদের কর্মকান্ডের সাথে মধ্যযুগের অর্থনৈতিক অবস্থার যে মিল রয়েছে তা চিহ্নিত করে মধ্যযুগের অর্থনৈতিক অবস্থা বিশ্লেষণ করে লিখলে |
| | | ৩ | উদ্দীপকের রকিব আহমেদের কর্মকান্ডের সাথে মধ্যযুগের অর্থনৈতিক অবস্থার যে মিল রয়েছে তা চিহ্নিত করে ব্যাখ্যা করে লিখলে |
| | | ২ | মধ্যযুগের কৃষিপণ্য, শিল্প, ব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করলে |
| | | ১ | উদ্দীপকের রকিব আহমেদের কর্মকান্ডে মধ্যযুগের অর্থনৈতিক অবস্থার চিত্র ফুটে উঠেছে তা লিখলে |
| | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

৪ ঘ. নং প্রশ্নের নমুনা উত্তরঃ

উদ্দীপকে রকিব আহমেদের কর্মকান্ডের সাথে মধ্যযুগের বাংলার অর্থনৈতিক কর্মকান্ডের মিল রয়েছে। রকিব আহমেদ তার খামারের উৎপাদিত পণ্য দিয়ে অতিথি আপ্যায়ন করেছিল যেমনটি বাংলার উৎপাদিত কৃষি পণ্য ধান, গম, আম, কাঁঠাল, খেঁজুর ইত্যাদি উৎপাদনে আমরা দেখতে পাই। রকিব আহমেদ বিদেশে পন্য পাঠানোর জন্য চট্টগ্রাম বন্দর ব্যবহার করেন, মধ্যযুগেও বিভিন্ন সমুদ্র বন্দর ব্যবহার করে কৃষি ও শিল্পজাত দ্রব্য বিদেশে আমদানি-রপ্তানি হতো যা বাংলার অর্থনীতিকে করে তুলেছিল সমৃদ্ধশালী। ব্যবসা বাণিজ্য বৃদ্ধি পেয়ে অর্থের লেনদেন বৃদ্ধি পাওয়ায় বাংলায় ব্যাংকিং প্রথার বিকাশ ঘটে যেমনটি আমরা রকিব আহমেদের কর্মকান্ডে দেখতে পাই।

মধ্যযুগে বাংলার অর্থনীতি ছিলো মূলত কৃষি নির্ভর। নদীমাতৃক বাংলার ভূমি চিরদিনই ছিলো উর্বর। এখানে নিত্যপ্রয়োজনীয় কৃষিপন্য যেমন- পিঁয়াজ, রসুন, হলুদ, শশা, জোয়ার , আদা, সিম, তিল ইত্যাদি উৎপন্ন হতো। এছাড়াও তুলা, পাট, আখ, গালা, পান ,সুপারি প্রচুর পরিমানে উৎপন্ন হতো। কৃষি ফলনে প্রাচুর্য থাকলেও চাষাবাদ পদ্ধতি ছিল অনুন্নত। এসময় বাংলায় বস্ত্র শিল্প, চিনি শিল্প, নৌকা নির্মাণ কারখানা, লবন ও ইস্পাত ইত্যাদি শিল্পের প্রসার ঘটেছিলো। বাংলার শিল্প, ব্যবসা বাণিজ্য অভিজাত শ্রেণির লোকেরা নিয়ন্ত্রন করতো। এসময় ঢাকার মসলিনের ইউরোপে প্রচুর চাহিদা ছিলো। মোট কথা মধ্য যুগে বাংলায় কৃষিনির্ভর স্বয়ংসম্পূর্ণ অর্থনৈতিক অবস্থা বিদ্যমান ছিলো।

পরিশিষ্ট: 'ড'

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ

## বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয় কোড: ১৫৩

| ক্রমিক নং | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন |
|---|---|
| ১. | ইতিহাসের জ্ঞান কীভাবে মানুষের সচেতনতা বৃদ্ধি করে? |
| ২. | ভূমিরূপগত দিক হতে মেসোপটেমীয় সভ্যতাকে কী নামে চিহ্নিত করা হয় ? ব্যাখ্যা করো |
| ৩. | মহাস্থান ব্রাহ্মীলিপি যে জনপদে পাওয়া গিয়েছিল সে সম্পর্কে লিখো। |
| ৪. | রাজা শশাঙ্কের মৃত্যুর পর বাংলার রাজনীতিতে অরাজকতা ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছিল কেন? |
| ৫. | বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। |
| ৬. | ঐতিহাসিক জিয়াউদ্দিন বারানী বাংলার নাম বুলগাকপুর দিয়েছিলেন কেন? ব্যাখ্যা করো। |
| ৭. | আলাউদ্দিন হুসেন শাহের শাসনকালকে বাংলার মধ্যযুগের ইতিহাসে স্বর্ণযুগ বলা হয় কেন? |
| ৮. | পর্তুগিজরা বাংলা ত্যাগ করেছিলেন কেন? |
| ৯. | ফকির সন্ন্যাসীরা ইংরেজদের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন কেন? ব্যাখ্যা করো। |
| ১০. | কেন বেঙ্গল প্যাক্ট স্বাক্ষরিত হয়েছিলো ? |
| ১১. | 'পূর্ব বাংলা ভাষা কমিটি' কেন গঠিত হয়েছিল? |
| ১২. | পূর্বপাকিস্তান কেন কখনও অর্থনৈতিকভাবে স্বয়ংসম্পূর্ণ হতে পারেনি? ব্যাখ্যা করো। |
| ১৩. | 'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠানটি কেন আয়োজন করা হয়েছিলো? |
| ১৪. | জাতীয় স্মৃতিসৌধ কেন নির্মান করা হয়েছিল তা ব্যাখ্যা করো। |
| ১৫. | মধ্যযুগে বাংলায় কীভাবে ব্যাংকিং প্রথা প্রচলিত হয়েছিল? |

পরিশিষ্ট-'ঢ'

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

## বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয় কোড: ১৫৩

**অধ্যায়: দ্বিতীয়**

২. ভূমিরূপগত দিক হতে মেসোপটেমীয় সভ্যতাকে কী নামে চিহ্নিত করা হয় ? ব্যাখ্যা করো

**নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স**

| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ২ | ২ | ২ | ফার্টাইল ক্রিসেন্ট এর ব্যাখ্যা লিখলে |
| | | ১ | ভূমিরূপগত দিক হতে মেসোপটেমীয় সভ্যতাকে ফার্টাইল ক্রিসেন্ট হিসেবে চিহ্নিত করে লিখলে |
| | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

২ নং প্রশ্নের নমুনা উত্তর:

ভূমিরূপগত দিক হতে মেসোপটেমীয় সভ্যতাকে ফার্টাইল ক্রিসেন্ট বলা হয়। সুমেরীয়, ব্যবিলনীয়, এসেরীয় এবং ক্যালডীয় সভ্যতার সম্মিলিত রূপই হচ্ছে মেসোপটেমীয় সভ্যতা। এ অঞ্চলটি দজলা ও ফোরাত কিংবা টাইগ্রিস-ইউফ্রেটিস নদীর মাঝখানে অবস্থিত। এটি একটি পলল বিধৌত উর্বর ভূমি। মানচিত্রের মাঝে এই উর্বর ভূমিরূপকে অর্ধচন্দ্র বা বাঁকানো চাঁদের মতো দেখাতো। তাই এর নাম দেওয়া হয়েছে ফার্টাইল ক্রিসেন্ট। মূলত ইরাক, সিরিয়া, লেবানন, ফিলিস্তিন আর জর্দান মিলেই এ অঞ্চল বিস্তৃত ছিলো।

**অধ্যায়: নবম**

৯. ফকির সন্ন্যাসীরা ইংরেজদের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন কেনো? ব্যাখ্যা করো।

**নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স**

| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ২ | ২ | ২ | ইংরেজরা ফকির সন্ন্যাসীদের অবাধ চলাফেরায় বাধাদান/ তীর্থস্থান দর্শনের ওপর করারোপ/ ভিক্ষা ও মুষ্টি সংগ্রহকে বেআইনি ঘোষণা করেছিলো তাই ফকির সন্ন্যাসীরা ইংরেজদের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন- এ বিষয়ের ব্যাখ্যা লিখলে |
| | | ১ | ইংরেজরা ফকির সন্ন্যাসীদের অবাধ চলাফেরায় বাধাদান/ তীর্থস্থান দর্শনের ওপর করারোপ / ভিক্ষা ও মুষ্টি সংগ্রহকে বেআইনি ঘোষণা করেছিলো তাই ফকির সন্ন্যাসীরা ইংরেজদের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন- এটা লিখলে |
| | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

৯ নং প্রশ্নের নমুনা উত্তর:

ফকির সন্ন্যাসীরা ভিক্ষাবৃত্তি বা মুষ্টি সংগ্রহের মাধ্যমে জীবিকা নির্বাহ করতো। ধর্মীয় উৎসব, তীর্থস্থান দর্শন উপলক্ষ্যে সারা বছর তারা এক স্থান হতে অন্য স্থানে ঘুরে বেড়াতো। তাদের সংগে নিরাপত্তার জন্য নানা ধরনের হালকা অস্ত্র থাকতো। ইংরেজ সরকার তাদের এই অবাধ চলাফেরায় বাঁধার সৃষ্টি করতে থাকে। তীর্থস্থান দর্শনের ওপর করারোপ করে এবং ভিক্ষা ও মুষ্টি সংগ্রহকে বেআইনি ঘোষণা করে । ইংরেজরা তাদেরকে ডাকাত-দস্যু বলেও আখ্যায়িত করে। ফলে ক্ষুব্ধ হয়ে ফকির সন্ন্যাসীরা ইংরেজদের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ জুন ২০০৭

নং শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯—দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষাক্রমের আওতায় ৯ম-১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) বেছে নিতে হয়। বর্তমানে প্রচলিত বহুমুখী শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা গেলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপকভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার সুযোগ পাবে। এ লক্ষ্যে গত ১২-৭-২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৬০ প্রজ্ঞাপনমূলে ২০০৬ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষাক্রম প্রবর্তন এবং আগামী ২০০৮ সালে এস.এস.সি পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে নির্দেশনা ছিল। প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা, অবহিতকরণ ও প্রশিক্ষণের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সংস্কার কর্মসূচির প্রচার ও উদ্বুদ্ধ করণার্থে জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকদের নিকট সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপানুষ্ঠানিক পত্র দেন। একইভাবে মাননীয় সংসদ সদস্যদের নিকট তৎকালীন মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক উপানুষ্ঠানিক পত্রে একমুখী শিক্ষা কর্মসূচিকে সহায়তার অনুরোধ জানানো হয়।

২। অনিবার্য কারণে ৮ ডিসেম্বর ২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/১৭৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ২০০৭ শিক্ষাবর্ষ পর্যন্ত একমুখী শিক্ষাক্রম ও পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত কার্যক্রম স্থগিত করা হয় এবং পরবর্তীতে গত ১৪ আগস্ট ২০০৬ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/

সেসিপ/২০০৪/১১৯৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩১-১২-২০০৭ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে সরকার একমুখী শিক্ষা স্থগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতায় নতুন পদ্ধতিতে কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ—

(১) এস.এস.সি পরীক্ষায় ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature চারু ও কারুকলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য—

(ক) প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন, ব্যাখ্যা ও রচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন (Structured Question) ব্যবহার করা হবে। বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী কয়েকটি অংশ নিয়ে প্রতিটি কাঠামোবদ্ধ প্রশ্ন গঠিত হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন ব্যবহার করা হবে।

(খ) বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০ শতাংশ নম্বর নির্ধারিত থাকবে, তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বর বহুনির্বাচনী প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

(গ) প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের জন্য ১ মিনিট সময় বরাদ্দ থাকবে। এই হিসাবে বহুনির্বাচনী প্রশ্নপত্রের সময় বাদ দিয়ে অবশিষ্ট সময় কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য বরাদ্দ থাকবে।

